কালের কণ্ঠ

তারিখ ... 13. JUL 2016 ...
পৃষ্ঠা ...৭... কলাম ...৩...

ঢাকা বিশ্ববিদ্যালয়

# নতুন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এনামউজ্জামান

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের নতুন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার হিসেবে দায়িত্ব পেয়েছেন উপ-রেজিস্ট্রার মো. এনামউজ্জামান। গতকাল মঙ্গলবার উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই দায়িত্ব প্রদান করেন। তিনি রেজিস্ট্রার দপ্তরে উপ-রেজিস্ট্রার (শিক্ষা-১) হিসেবে কর্মরত ছিলেন। উল্লেখ্য, গত ১ জুলাই বিশ্ববিদ্যালয় দিবসের এক স্মরণিকায় জিয়াউর রহমানকে প্রথম রাষ্ট্রপতি লেখায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতাদের তোপের মুখে সাবেক ভারপ্রাপ্ত রেজিস্ট্রার সৈয়দ রেজাউর রহমানকে তাৎক্ষণিক অব্যাহতি দেয় প্রশাসন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রারকে অপসারণের পরও গুরুতর এই ভুলের জের ধরেই উপাচার্যের পদত্যাগ দাবিতে বাসভবন ঘেরাও ও গাড়ি ভাঙচুর করে ছাত্রলীগ। উপাচার্যের পদত্যাগ দাবির আন্দোলনে আওয়ামীপন্থী নীলদলের কয়েকজন শিক্ষকের ইন্ধন ছিল বলে নীলদলের কিছু শিক্ষক জানিয়েছেন।